

শিক্ষকদের আলাদা বেতন স্কেল হচ্ছে

শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষকদের জন্য আলাদা বেতন স্কেল তৈরি করা হচ্ছে। বেতনও অনেক বেশি হবে।

তিনি বৃহস্পতিবার রাজধানীর টিচার্স ট্রেনিং কলেজের অডিটোরিয়ামে 'শিক্ষার বৈপ্লবিক উন্নয়নে বর্তমান সরকার' শীর্ষক সেমিনার ও জাতীয় প্রতিনিধি সভায় এ কথা বলেন। স্বাধীনতা শিক্ষক পরিষদ এ সেমিনারের আয়োজন করে। মন্ত্রী বলেন, শিক্ষকরা না পড়ালে দেশ ও জাতির উন্নয়ন হবে না। শিক্ষার্থীদের পাশে দাঁড়ানো আমাদের কর্তব্য। খুব শিগগিরই আলাদা বেতন স্কেল ঘোষণা করা হতে পারে। এ নিয়ে কাজ চলাচ্ছে। তিনি বলেন, দেশের পাঁচ কোটি ৫২ লাখ শিক্ষার্থীকে স্বাধীনতার স্বাদ দিতে ও ভবিষ্যৎ নেতৃত্ব দেওয়ার জন্য শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন করা প্রয়োজন।

সেমিনারে সভাপতিত্ব করেন সংগঠনের আহ্বায়ক অধ্যাপক ড. আবদুল মান্নান চৌধুরী। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. জা. ম. স. আরেফিন সিদ্দিক ও সংগঠনের সদস্য সচিব শাজাহান আলম সাজু।